

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

হেড অফিস, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

বিষয়ঃ ব্যাংকের 'আইন উপদেষ্টার' এর কার্যপরিধি (Terms of Reference)।

- ০১। তিনি ব্যাংকের আইন উপদেষ্টা হিসেবে প্রধান কার্যালয়ের লিগ্যাল এ্যাফেয়ার্স ডিভিশন-এর সাথে সম্পৃক্ত থেকে দায়িত্ব পালন করবেন। তাঁর কার্যক্রমের মূল সমন্বয়কারী হবেন জেনারেল ম্যানেজার, রিকভারী ও লিগ্যাল এ্যাফেয়ার্স ডিভিশন;
- ০২। প্রধান কার্যালয়ের ল' ডিপার্টমেন্ট তার কর্মস্থল বলে বিবেচিত হবে;
- ০৩। সার্বক্ষণিক আইন কর্মকর্তা হিসেবে তাঁর অফিস সময় হবে সকাল ১০.০০ টা থেকে বিকাল ৬.০০ টা। তবে প্রয়োজনবোধে নির্ধারিত অফিস সময়ের পরেও অফিসে অবস্থান করতে হবে;
- ০৪। তিনি গুরুত্বপূর্ণ বিষয়ে বিশেষতঃ জেনারেল ব্যাংকিং, অগ্রিম সংক্রান্ত ডিপার্টমেন্ট, বৈদেশিক বাণিজ্যসহ বিভিন্ন ডিপার্টমেন্ট ও শাখা কর্তৃক উত্থাপিত নথি সমূহে আইনি বিষয়ে অভিমত প্রদান করবেন;
- ০৫। ব্যাংকের জাল-জালিয়াতির ক্ষেত্রে ভেদে বিভিন্ন পরিস্থিতিতে অভিমত প্রদান করবেন;
- ০৬। ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের চাকুরী সংক্রান্ত বিষয়ে আইন ও বিবিধ বিধানের আলোকে অভিমত প্রদান করবেন;
- ০৭। তিনি ব্যাংকের পক্ষে চুক্তিপত্রের খসড়াকরণ ও খসড়া ভেটিংকরণসহ তা যথাযথ ও আইন সঙ্গতভাবে সম্পাদনে সহায়তা করবেন;
- ০৮। তিনি ব্যাংকের পক্ষে সোলেনামা চুক্তি সম্পাদনে সহায়তা করবেন;
- ০৯। প্রয়োজনে তিনি গুরুত্বপূর্ণ ও জটিল মামলার বিষয়ে অভিমত প্রদান করবেন;
- ১০। কোম্পানী বিষয়ক যে কোন পরামর্শ ও অভিমতসহ মার্চেন্ট ব্যাংকিং এর বিষয়ে পূর্ণ সহযোগিতা করবেন;
- ১১। জামানত, সহজামানত ও ৩য় পক্ষীয় জামানতের বিষয়ে (মালিকানা ইত্যাদি) আইনগত পরামর্শ ও অভিমত প্রদান করবেন;
- ১২। মর্টগেজ ও আম-মোক্তারনামা দলিল, বন্টনামা দলিলসহ যে কোন দলিল প্রস্তুত ও পরীক্ষা-নিরীক্ষায় সহযোগিতা করবেন;
- ১৩। তিনি ফোজদারী মামলার বিষয়ে গুরুত্বপূর্ণ অভিমত ও সহযোগিতা করবেন;
- ১৪। তিনি প্রশাসনিক ট্রাইবুনাল সংক্রান্ত বিষয়ে মতামত প্রদানসহ সহযোগিতা করবেন;
- ১৫। তিনি জরুরী প্রয়োজনে যে কোন সময় মৌখিক অনুরোধে আইনী বিষয়ে অভিমত ও পরামর্শ প্রদান করবেন;
- ১৬। উচ্চ আদালতে রীট, আপীল, রিভিশন ইত্যাদি মামলার ক্ষেত্রে অভিমত ও পরামর্শ প্রদান করবেন;
- ১৭। একাধিক ব্যাংকের সমন্বয়ে যে সকল প্রকল্প ঋণ দেয়া হয় সে সকল ক্ষেত্রে বিভিন্ন দলিলাদি ভেটিং সহ অভিমত দিবেন;
- ১৮। ব্যাংকের প্রয়োজনে যে কোন সভায় তিনি উপস্থিত থাকবেন;
- ১৯। শ্রম আইন সংক্রান্ত কোন জটিলতার ক্ষেত্রে তিনি পরামর্শ ও সহযোগিতা প্রদান করবেন;
- ২০। এ ছাড়াও আইন বিষয়ক যে কোন সমস্যার ক্ষেত্রে ব্যাংকের করণীয় সম্পর্কে পরামর্শ প্রদান ও সহযোগিতা করবেন এবং ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যে কোন প্রকার আইন বিষয়ক দায়িত্ব তাঁকে পালন করতে হবে;
- ২১। তবে চুক্তিকালীন কোন অনিয়ম উদঘাটিত হলে সেই সময়ের অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন;
- ২২। চুক্তিপত্রের বর্ণিত হয়নি এমন সব বিষয়ে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদ/ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং পরিচালনা পর্ষদ/ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক সময় সময়ে আরোপিত অন্যান্য শর্তাবলী পরিপালনে বাধ্য থাকবেন।

